

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৮২৫  
খোয়াই, ৯ ফেব্রুয়ারি, ২০২৪

**খোয়াই জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা**

খোয়াই জিলা পরিষদের সভাকক্ষে সম্প্রতি জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ীকমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ীকমিটির সভাপতি রঞ্জিত কুমার সরকার। সভায় উপস্থিত ছিলেন স্থায়ীকমিটির সদস্য- সদস্যা ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় জেলার মৎস্য কার্যালয়ের প্রতিনিধি জানান, মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে জেলায় ২,৯৯২ জন মৎস্যচাষীকে সহায়তা দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় জেলার ৫০ জন মৎস্যজীবীকে আইস বক্স দেওয়া হয়েছে। জেলা উদ্যান পালন ও ভূমিসংরক্ষণ কার্যালয়ের প্রতিনিধি জানান, জেলায় চলতি অর্থবছরে ৩০০ হেক্টর জমি শীতকালীন সজ্জি চাষের আওতায় আনা হয়েছে। মাশরুম চাষে সহায়তা দেওয়া হয়েছে ২০০ জনকে। পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের প্রতিনিধি জানান, জল জীবন মিশনে জেলার তুলাশিখর ব্লকে ৮, ৪৬ ১টি, কল্যাণপুর ব্লকে ৮, ৪৯৮টি, পদ্মবিল ব্লকে ৭, ৯ ১৬টি, তেলিয়ামুড়া ব্লকে ১১, ৬০ ১টি, মুঙ্গিয়াকামী ব্লকে ৪, ৮৮০টি ও খোয়াই ব্লকে ১১, ২০৫টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*